গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৮৮.০০১.১৯.৪২

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৬
২৫ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: **খুলনা জেলার হাজী আ: মালেক ইসলামিয়া কলেজ সরকারিকরণের বিষয়ে মতামত।**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয় এর স্মারক নং-০৩.০৭৪.৩৭.০৪৮.০০.০০৩(অংশ-২).২০১৯-৫৭০ তারিখ:১৮/১২/২০১৯খ্রি.

উপর্যু্ক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা সিটি কর্পোরেশনের আওতাধীন 'হাজী আঃ মালেক ইসলামিয়া কলেজ' টি সরকারিকণের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের মতামত চাওয়া হয়েছে।

এমতাবস্থায়, 'হাজী আঃ মালেক ইসলামিয়া কলেজ' টি সরকারিকরণের বিষয়ে খুলনা জেলায় মোট কয়টি সরকারি কলেজ ও কয়টি বেসরকারি কলেজ রয়েছে তন্মধ্যে সংশ্লিষ্ট উপজেলায় হাজী আঃ মালেক ইসলামিয়া কলেজের অবস্থান, দূরত্ব, নিজস্ব জমি রয়েছে কি-না, ছাত্র-ছাত্রী সংখ্যা, কলেজের ভবনের অবস্থা এবং সরকারিকরণের যৌক্তিকতা আছে কি-না তা উল্লেখপূর্বক মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫-২-২০২০
মোহাম্মদ আলমগীর হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৭৪২৫

জেলা প্রশাসক
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৮৮.০০১.১৯.৪২/১(৩)

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৬
২৫ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এঁর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২৫-২-২০২০
মোহাম্মদ আলমগীর হোসেন

সিনিয়র সহকারী সচিব

৬৬৫১
২২/১২/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ০৩.০৭৪.৩৭.০৪৮.০০.০০৩ (অংশ-২).২০১৯-৫৭০

তারিখ ০৩ পৌষ ১৪২৬ ব.
১৮ ডিসেম্বর ২০১৯ খ্রি.

**বিষয়: 'হাজী আঃ মালেক ইসলামিয়া কলেজ'টি জাতীয়করণ।**

উপর্যুক্ত বিষয়ে জনাব দেলওয়ারা বেগম, অধ্যক্ষ, হাজী আঃ মালেক ইসলামিয়া কলেজ, খুলনা কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী সমীপে দাখিলকৃত আবেদনপত্রটি এসাথে প্রেরণ করা হলো।

০২। বর্ণিতাবস্থায়, আবেদনপত্রের বিষয়ে মতামত প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ বর্ণনামতে।**

১৮/১২/২০১৯

(মোহাম্মদ রফিকুল আলম)
পরিচালক-৭
ফোনঃ ৫৫০২৯৪২৭
E-mail: dir7@pmo.gov.bd

সিনিয়র সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ শাখা-৬
ডায়েরি নং. ৬৫৬
তারিখ ৩০/১২/১৯

**অনুলিপিঃ সদয় অবগতির জন্য**

০১. জনাব দেলওয়ারা বেগম, অধ্যক্ষ, হাজী আঃ মালেক ইসলামিয়া কলেজ, কলেজ রোড, শিপইয়ার্ড, খুলনা।
০২. মহাপরিচালক-২ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. নথি/মহানথি।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অতিরিক্ত সচিব (কলেজ)
ডায়েরী নং ৬৬৮
উপসচিব (কলেজ)
উপসচিব (ক-১)
উপসচিব (ক-২)
যুগ্মসচিব (ক-৩)
উপসচিব (ক-৪)
উপসচিব (ক-৫)
উপসচিব (ক-৬)
ব্যক্তিগত কর্মকর্তা
E.Letter-SE-19

২৩/১২/১৯

ডায়েরী নং
অতিঃ সচিব (কলেজ)
সচিব

ফোন ঃ ০৪১-৭২২২৩৯ কলেজ
০৪১-৭২৩৫৫৪ বাসা

# হাজী আঃ মালেক ইসলামিয়া কলেজ

কলেজ রোড, শিপইয়ার্ড, খুলনা।
স্থাপিত ঃ ১৯৮৪ ইং

বিএম কোড ঃ ৩৫০৩২
যশোর বোর্ড কোড ঃ ৩৬২৫
বিশ্ববিদ্যালয় কোড ঃ ০৩২০

স্মারক নং ঃ এইচ.এ.এম.আই.সি/অ কা- ২৫৮৬/৯

তারিখ ঃ ১৭/১২/২০১৯

প্রেরক ঃ

প্রধানমন্ত্রীর কার্যালয়
পরিচালক-৭ শাখা
ডাইরী নং ৯৪৫৫
তারিখ ১৮/১২/১৯
সময়

বরাবর,

মাননীয় প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ, ঢাকা।

বিষয় ঃ- খুলনা সিটি কর্পোরেশন অধীন লবনচরা থানার অন্তর্গত হাজী আব্দুল মালেক ইসলামিয়া কলেজ সরকারিকরণ প্রসঙ্গে।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, খুলনা সিটি কর্পোরেশনের লবনচরা থানায় অবস্থিত হাজী আব্দুল মালেক ইসলামিয়া কলেজটি ১৯৮৪ সালে প্রতিষ্ঠিত হয় এবং ১৯৯৪ সালে এমপিও ভূক্ত হয়। কলেজটি ০.৮৯ একর জমির উপর স্থাপিত। খুলনা সিটি কর্পোরেশনের মধ্যে অত্র এলাকাটি অত্যন্ত দরিদ্র ও নিম্ন আয়ের জনগণের বসবাস। এই লবনচরা থানায় আর কোন সরকারি কলেজ নাই। অত্র কলেজটি সরকারিকরণ করা হলে অত্র থানার নিম্ন আয়ের মানুষের সন্তানেরা লেখাপড়ার বিশেষ সুবিধা পাবে। এই কলেজে উচ্চ মাধ্যমিক, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (পাস) ও ৮টি বিষয়ে স্নাতক (সম্মান) কোর্স যথাক্রমে হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং ইতিহাস চালু রয়েছে। এ ছাড়াও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচ,এস,সি (বিএম) কোর্স চালু রয়েছে। অত্র কলেজে আলাদা ভবনে একটি সমৃদ্ধ লাইব্রেরী, একটি অত্যাধুনিক আইসিটি ল্যাব ও আলাদা আলাদা বিজ্ঞানাগার রয়েছে। কলেজটিতে প্রায় ২০০০ জন শিক্ষার্থী শিক্ষা গ্রহণ করছে। কর্মরত শিক্ষক-কর্মচারীর সংখ্যা ৮০ জন। কলেজে শিক্ষার গুণগত মান ও সর্বস্তরে পাশের হার সন্তোষজনক। অত্র কলেজ থেকে পাশ করা ছাত্র-ছাত্রীরা দেশের বিভিন্ন স্থানে ও সরকারের বিভিন্ন বিভাগে উচ্চ পদে চাকুরী লাভ করে অত্যন্ত কৃতিত্বের পরিচয় দিয়ে আসছে। শক্তিশালী আর্থিক ভিত্তিসহ একটি পূর্ণাঙ্গ কলেজের অবকাঠামো ও আনুসঙ্গিক সকল সুযোগ সুবিধা এখানে বিদ্যমান। প্রতিষ্ঠানটি সরকারিকরণ করলে অবকাঠামো ও শিক্ষক কর্মচারীদের বেতন ভাতা বাবদ অতিরিক্ত ব্যয় করতে হবে না। এখানে উচ্চ মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক (বিএম), স্নাতক (পাস) ও স্নাতক (সম্মান) পরীক্ষা কেন্দ্র চালু আছে। কলেজের EIIN no. 117168. জাতীয় বিশ্ববিদ্যালয়ের কোড নং ০৩২০। উল্লেখ্য, কলেজটি সরকারিকরণের লক্ষ্যে ০৭/০৮/২০১৬ ইং তারিখে আপনার দপ্তরে একটি আবেদন জমা দেওয়া হয়েছিল।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা সরকারের নির্বাচনী ইস্তেহার ও উপরে উল্লেখিত বিষয়াদি সহানুভূতির সাথে বিবেচনা করে হাজী আব্দুল মালেক ইসলামিয়া কলেজটি সরকারিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে মর্জি হয়।

আপনার অনুগত,

১৭।১২।১৯

দেলওয়ারা বেগম
অধ্যক্ষ
হাজী আঃ মালেক ইসলামিয়া কলেজ
শিপইয়ার্ড, খুলনা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলঃ-

১। মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়।
২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব।
৪। একান্ত সচিব, শিক্ষামন্ত্রী।

সেখ সালাহউদ্দিন
সংসদ সদস্য
১০০ খুলনা-২
বাংলাদেশ জাতীয় সংসদ

Shaikh Salahuddin
Member of Parliament
100 Khulna-2
Bangladesh National Parliament

ডিও নং-খু-২/১৯/৪৬

তারিখ-১০/১২/২০১৯ খ্রীঃ

বরাবর,

মাননীয় প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

**বিষয়ঃ- খুলনার হাজী আঃ মালেক ইসলামিয়া কলেজ সরকারিকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

আস্সালামু আলাইকুম।

আমার নির্বাচনী এলাকা খুলনা-২ এ অবস্থিত হাজী আঃ মালেক ইসলামিয়া কলেজটি লবণচরা থানায় ১৯৮৪ সালে প্রতিষ্ঠিত হয়ে দক্ষিণ বাংলার এই জনপদের মানুষের মাঝে শিক্ষার আলো বিতরণে এক অনন্য ভূমিকা পালন করে আসছে। কলেজটি ০.৮৯ একর জমির উপর প্রতিষ্ঠিত। এখানে এইচ.এস.সি পর্যায়ে মানবিক, ব্যবসায়শিক্ষা ও বিজ্ঞান; স্নাতক (পাস) পর্যায়ে বিএ, বিএসএস এবং বিবিএসসহ হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং ইতিহাস বিষয়সমূহে অনার্স কোর্স এবং এইচ.এস.সি (বিএম) শাখায় অধ্যয়নরত ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় দুই হাজার। বিভিন্ন পাবলিক পরীক্ষায় অত্র কলেজের ফলাফল অত্যন্ত সন্তোষজনক। অত্র প্রতিষ্ঠানে আলাদা ভবনে একটি সমৃদ্ধ লাইব্রেরী, একটি আধুনিক আইসিটি ল্যাব ও আলাদা বিজ্ঞানাগার রয়েছে। উল্লেখ্য অত্র থানায় কোন সরকারি কলেজ নাই। দারিদ্রপীড়িত অভিভাবকগণের সন্তানদের মানসম্মত শিক্ষায় শিক্ষিত করতে কলেজটির সরকারিকরণ একান্ত অপরিহার্য।

মাননীয় প্রধানমন্ত্রী, গত ০৩/০৩/২০১৮ ইং তারিখে আপনার খুলনা সফরকালে হাজী আ: মালেক ইসলামিয়া কলেজকে সরকারিকরণের জন্য বিভাগীয় কমিশনারের মাধ্যমে আপনার সমীপে আবেদন পেশ করা হয়েছিল যার স্মারক নং ২০৭০/১৮(১)। আমি এ গণদাবির প্রতি একাত্মতা প্রকাশ করে হাজী আঃ মালেক ইসলামিয়া কলেজটি সরকারিকরণের জন্য জোর সুপারিশ করছি।

এমতাবস্থায়, মহোদয়ের নিকট একান্ত প্রার্থনা অবহেলিত এই জনপদের দরিদ্র জনগোষ্ঠীকে আধুনিক মানসম্মত শিক্ষায় শিক্ষিত করার লক্ষ্যে সরকারের উন্নয়ন কার্যক্রমের ধারাবাহিকতায় হাজী আ: মালেক ইসলামিয়া কলেজটিকে সরকারিকরণের মাধ্যমে খুলনার লবণচরা এলাকাবাসীর দাবি পূরণ করে আপনি আমাদেরকে বাধিত করবেন।

আপনার একান্ত অনুগত
Shaikh Salahuddin
09-12-2019

সেখ সালাহউদ্দিন
সংসদ সদস্য
১০০ খুলনা-২
বাংলাদেশ জাতীয় সংসদ

363 Sher-e-Bangla Road, Khulna, Bangladesh. E-mail : skjewelmp@gmail.com